

## সুপ্রিম কোর্টে আবার জিতলেন শেখ হাসিনা



ঢাকা, ১৪ আগস্ট : আওয়ামী লীগ সভানেত্রী সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে ব্যবসায়ী নূর আলীর দায়ের করা চাঁদাবাজির মামলায় হাইকোর্টের দেওয়া জামিন এবং শেখ হাসিনার সম্পদের হিসাব চেয়ে দুদকের নোটিশের ওপর হাইকোর্টের স্থগিতাদেশ স্থগিত রাখার জন্য সরকারের আবেদন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ নাকচ করে দিয়েছে। গতকাল মঙ্গলবার প্রধান বিচারপতি মোহাম্মদ রুহুল আমিনের সভাপতিত্বে আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে সরকারের আপিল আবেদনের ওপর শুনানি শেষে সরকারের আবেদন নাকচ করে দিয়ে আজ বুধবারের মধ্যে সরকারকে নিয়মিত আপিল দায়ের এবং বৃহস্পতিবার এর ওপর শুনানির তারিখ নির্ধারণ করা হয়েছে। আদালত একইসঙ্গে শেখ হাসিনার বিরুদ্ধে আরেক ব্যবসায়ী আজম জে চৌধুরীর দায়ের করা

চাঁদাবাজি মামলায় হাইকোর্টের জামিনের ওপর আপিল বিভাগের স্থগিতাদেশ আগামীকাল বৃহস্পতিবার পর্যন্ত বৃদ্ধি করেছে। আপিল বিভাগের এই আদেশ অনুযায়ী আগামীকাল বৃহস্পতিবার আপিল বিভাগে সরকারের ৩টি আপিল আবেদনের ওপর শুনানি অনুষ্ঠিত হবে।

গতকাল সকাল সোয়া ৯টায় আপিল বিভাগে সরকারের আবেদনের ওপর শুনানিতে অংশ নিয়ে এটর্নি জেনারেল ফিদা এম কামাল বলেন, হাইকোর্টের আদেশের বিরুদ্ধে সরকার নিয়মিত আপিল করবে। আপিলের শুনানি না হওয়া পর্যন্ত হাইকোর্টের আদেশের কার্যকারিতা স্থগিত রাখার জন্য তিনি আবেদন জানান।

আদালত এটর্নি জেনারেলকে বলেন, আপনারা নিয়মিত আপিল করুন। আমরা কোনো স্থগিতাদেশ দেবো না। এটর্নি জেনারেল রোববার নিয়মিত আপিল দায়ের করবেন জানালে আদালত বুধবারেই নিয়মিত আপিল দায়েরের নির্দেশ দেন এবং বৃহস্পতিবার শুনানির জন্য তারিখ নির্ধারণ করেন। এ পর্যায়ে এটর্নি জেনারেল আজম চৌধুরীর মামলায় হাইকোর্টের আদেশের ওপর স্থগিতাদেশ বৃদ্ধির আবেদন জানালে আদালত তাও বৃহস্পতিবার পর্যন্ত বৃদ্ধি করে একসঙ্গে আপিল আবেদনের ওপর শুনানি করবেন বলে জানান।

উলেখ্য, শেখ হাসিনার বিরুদ্ধে গত ১৩ জুন ব্যবসায়ী নূর আলীর দায়ের করা চাঁদাবাজির মামলাটি জরুরী ক্ষমতা বিধিমালা আওতায় অন্তর্ভুক্ত করা এবং শেখ হাসিনার সম্পদের হিসাব চেয়ে দুদকের নোটিশের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে পৃথক দুটি রিট দায়ের করা হয়। ৭ আগস্ট বিচারপতি শাহ আবু নাজিম মোমিনুর রহমান ও বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী সমন্বয়ে গঠিত বেঞ্চে শুনানি শেষে আদালত চাঁদাবাজি মামলায় শেখ হাসিনার জামিন মঞ্জুর করে মামলাটি জরুরী বিধিমালায় অন্তর্ভুক্ত করা কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না তার কারণ দর্শানোর জন্যে সরকারের প্রতি রুল জারি করে। অপর রিট মামলায় দুদকের নোটিশের কার্যকারিতা স্থগিত করে রুল জারি করা হয়। হাইকোর্টের এই আদেশের বিরুদ্ধে সরকার আপিল আবেদন দায়ের করলে আপিল বিভাগের চেম্বার বিচারপতি মোঃ হাসান আমিন গত রোববার সরকারের আবেদনের ওপর মঙ্গলবার আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির তারিখ নির্ধারণ করেছিলেন। ব্যবসায়ী আজম জে চৌধুরীর দায়ের করা চাঁদাবাজি মামলায় শেখ হাসিনাকে জামিন মঞ্জুর করে গত ৩১ জুলাই হাইকোর্টের দেওয়া আদেশের বিরুদ্ধে সরকার আপিল আবেদন করলে আপিল বিভাগ ১৪ আগস্ট পর্যন্ত হাইকোর্টের আদেশের কার্যকারিতা স্থগিত রাখার নির্দেশ দিয়ে এবং সরকারকে নিয়মিত আপিল দায়েরের নির্দেশ দিয়েছিল। আপিল বিভাগের এই স্থগিতাদেশ মঙ্গলবার শেষ হয়ে যায়। এর আগে সোমবার সরকার নিয়মিত আপিল আবেদন দায়ের করে। এটর্নি জেনারেল গতকাল আদালতকে তা অবগত করে স্থগিতাদেশ বৃদ্ধির আবেদন জানালে আদালত বৃহস্পতিবার পর্যন্ত স্থগিতাদেশ বৃদ্ধি করেন। শেখ হাসিনার পক্ষে ব্যারিস্টার রফিকুল হক, ব্যারিস্টার শফিক আহমেদ, এড. আব্দুল মতিন খসরু, এড. মাহবুবে আলম, এডভোকেট সাহারা খাতুন, ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপসসহ বিপুলসংখ্যক আইনজীবী উপস্থিত ছিলেন।

নূর আলীর মামলায় ৩০ আগস্টের মধ্যে প্রতিবেদন দাখিলের নির্দেশ : এদিকে শেখ হাসিনার বিরুদ্ধে ব্যবসায়ী নূর আলীর দায়ের করা চাঁদাবাজি মামলায় ৩০ আগস্টের মধ্যে পুলিশ প্রতিবেদন দাখিলের জন্য আদালত নির্দেশ দিয়েছেন।